

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

কানাইপুর শাখা, ফরিদপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এস, এম তাওহীদ, পিতা মো : মোসলেম শরীফ, মাতাঃ মোসা : ছাবিহা বেগম, ব্যবসায়িক ঠিকানা মেসার্স এস, এম তাওহীদ, কানাইপুর বাজার, কানাইপুর, ফরিদপুর, বর্তমান ঠিকানা, সাং-কোশা গোপালপুর ডাকঘর-কানাইপুর, উপজেলা-কোতোয়ালী, জেলা-ফরিদপুর, স্থায়ী ঠিকানা, সাং-কোশা গোপালপুর ডাকঘর-কানাইপুর, উপজেলা-কোতোয়ালী, জেলা-ফরিদপুর, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মনজুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২১.০৮.২০১৭ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৪১,৮৪,২২৫/- টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১. জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৫৬ নং ভাটি কানাইপুর মৌজার আর.এস. খতিয়ান নং ৪৩৬, এস.এ. খতিয়ান নং ৪৩৮, প্রস্তাবিত খতিয়ান নং ৪৩৮/১, হাল/ডিপি খতিয়ান নং ৪৫, আর.এস. ও এস.এ. দাগ নং, ৯২৮, হাল দাগ নং ১৫০২, জমির পরিমাণ ৪.০০ শতাংশ এবং উহার উপর নির্মিত যাবতীয় স্থাপনাদি যাহা ফরিদপুর পৌরসভার বাহিরে অবস্থিত।

২. জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৫৩ নং কোশা গোপালপুর মৌজার আর.এস. খতিয়ান নং ৫৮৩, এস.এ. খতিয়ান নং ৫৮৩, প্রস্তাবিত খতিয়ান নং ৫৮৩/১, হাল/ডিপি খতিয়ান নং ১৮৬, আর.এস. ও এস.এ. দাগ নং, ১৬৩, হাল দাগ নং ৫৮, জমির পরিমাণ ৩২.০০ শতাংশ এবং উহার উপর নির্মিত যাবতীয় স্থাপনাদি যাহা ফরিদপুর পৌরসভার বাহিরে অবস্থিত।

৩. জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৫৩ নং কোশা গোপালপুর মৌজার আর.এস. খতিয়ান নং ৬৭৯, এস.এ. খতিয়ান নং ৬৮৩, প্রস্তাবিত খতিয়ান নং ৬৮৩/১, হাল/ডিপি খতিয়ান নং ৩৫৭, আর.এস. ও এস.এ. দাগ নং, ৪৫৫, হাল দাগ নং ৬৩৭, জমির পরিমাণ ২৬.০০ শতাংশ এবং উহার উপর নির্মিত যাবতীয় স্থাপনাদি যাহা ফরিদপুর পৌরসভার বাহিরে অবস্থিত।

নিলামের শর্তাবলী

- আগামী ২৮.০৯.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা, ফরিদপুর এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দরদাতাগন তপশিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণ যোগ্য হইবে না।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা:সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭. দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহন যোগ্য হইবে না।
৮. দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
৯. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা, ফরিদপুর।